

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ আব্দুল মালেক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
তারিখ	:	২৬/১০/২০২১ ইং।
সময়	:	পূর্বাহ্ন - ১০.৩০ ঘটিকা
সভার স্থান	:	উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট- "ক"

অধ্যাকার সভার সম্মানিত সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ সুব্রত কুমার সরকার-কে সভা পরিচালনা করার আহ্বান জানান। উপজেলা প্রাণিসম্পদ অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	বন্যায় ক্ষতিগ্রস্থদের সাহায্য সম্পর্কিত আলোচনা :- সদস্য সচিব ডাঃ সুব্রত কুমার সরকার, উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, অত্র গোদাগাড়ী উপজেলার চর আষাড়িয়াদহ ইউনিয়নের বন্যা কবলিত ক্ষতিগ্রস্থদের সাহায্য সহযোগিতার জন্য প্রাণিসম্পদ বিভাগীয়ভাবে কোন অর্থ বরাদ্দ নাই। এমতাবস্থায় বন্যায় ক্ষতিগ্রস্থদের বিনামূল্যে টিকা ও জরুরী চিকিৎসা প্রদানের জন্য টিকা ও ঔষধ ক্রয়ের নিমিত্তে উপজেলা পরিষদের সহযোগিতা বিশেষ প্রয়োজন।	এডিপি অর্থায়নের সহযোগিতা প্রদানের বিষয়টি উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
২।	মৎস্য চাষের জন্য পানির ব্যবস্থা নিশ্চিতকরণ :- সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বরুণ কুমার মন্ডল সভাকে জানান যে, অত্র উপজেলায় জলবায়ু পরিবর্তনের কারণে প্রায় পুকুরগুলো চৈত্র মাসের দিকে পানি থাকে না এবং ষোলাতুভাব থাকে সেই কারণে উৎপাদন ব্যহত হয়। মৎস্য চাষীদের গভীর নলকূপ থেকে পানি পেতে হয়রানীর শিকার হতে হয়।	মৎস্য চাষীরা যাতে ডিপ মেশিন বা গভীর নলকূপ থেকে পানি পেতে পারে সে বিষয়ে এডিপি অর্থায়নের সহযোগিতা প্রদানের বিষয়টি উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/১০/২১

(মোঃ আব্দুল মালেক)

সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত কমিটি





ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,

গোদাগাড়ী, রাজশাহী।

উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী'র মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির সভ্যগণের হাজিরা

সভার তারিখ : ২৬/১০/২০২১ খ্রিঃ।
সভার সময় : ১০.৩০ ঘটিকা
সভার স্থান : ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

ক্রমিক নং	নাম/পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সভাপতি	
০২	চেয়ারম্যান, গোদাগাড়ী ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
০৩	চেয়ারম্যান, রিশিকুল ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
০৪	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
০৫	উপজেলা প্রাণিসম্পদ অফিসার গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য সচিব	